ভোরের কাগজ

16 APR 2003

# শরণখোলা ডিগ্রি কলেজে আবারো ছাত্রী উপবৃত্তির টাকা কর্তনের অভিযোগ

শরণখোলা প্রতিনিধি : শরণখোলা ডিগ্রি কলেজে আবারো ছাত্রীদের উপবৃত্তির টাকা থেকে কিছু অংশ কেটে রেখে কম অর্থ প্রদানের ঘটনা ঘটেছে।

অভিযোগে প্রকাশ, গত ১০ এপ্রিল শরণখোলা ডিগ্রি কলেজের ছাত্রীদের উপবৃত্তির টাকা প্রদানের সময় প্রত্যেক ছাত্রীর কাছ থেকে ২০ টাকা করে কেটে রাখা হয়। এ ব্যাপারে আপত্তি জানানো হলে ছাত্রীদের বলা হয়, অফিস খরচ বাবদ কলেজ ম্যানেজিং কমিটির সভাপতির নির্দেশে এ অর্থ কেটে রাখা হয়েছে।

উল্লেখ্য, গত বছরও প্রত্যেক ছাত্রীর কাছ থেকে ১০০ টাকা করে কেটে রেখে কলেজের শিক্ষক-কর্মচারীরা ভুঁড়িভোজ করেন। তখন খুলনা থেকে প্রকাশিত দৈনিক পূর্বাঞ্চল ও জন্মভূমি পত্রিকায় এ সংক্রান্ত খবর ছাপা হলে ঐ দুই পত্রিকার সাংবাদিকদ্বয়কেও ভুঁড়িভোজ করিয়ে ম্যানেজ করা হয় বলে একটি সূত্র জানায়।